দৈনিক ইত্তেফাক

তারিখ ২৯।৮।৯১
পৃষ্ঠা ১ কলাম ৫

০১ ২০

# এইচ এস সি প্রশ্নপত্রে ভুল

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী পদার্থ বিজ্ঞান বিষয়ে মঙ্গলবার অনুষ্ঠিত প্রথম পত্র

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এইচএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

ও বুধবার অনুষ্ঠিত দ্বিতীয় পত্রে বাংলা মাধ্যমের প্রশ্নোপত্রে একটি করে মোট দুটি অঙ্কে ছাপার ভুল রয়েছে। তবে একই বিষয়ে উভয় পত্রে ইংরেজী মাধ্যমে ছাপানো প্রশ্নপত্রে অঙ্ক দু'টি নির্ভুল ছাপা হয়েছে।

প্রথম পত্রে ক বিভাগে দুই নম্বর (গ) প্রশ্নে ছাপা হয়েছে-:

$$"\vec{A}=3\hat{i}-7\hat{j}+3\hat{K} \text{ এবং}$$

$$\vec{B}=5\hat{i}-3\hat{j}+2\hat{K}$$

দুইটি ভেক্টর রাশি। দেখাও যে ইহারা পরস্পর লম্ব।" এখানে দ্বিতীয়াংশে

$$"5\hat{j}" \text{ এবং } 3\hat{j}"$$

এর মাঝে মাইনাস (-) চিহ্ন ছাপা হয়েছে। এটি ভুল। সঠিক চিহ্ন হবে প্লাস (+)।

দ্বিতীয় পত্রে গ গুচ্ছ তড়িৎ-এর ৯ নম্বর (গ) প্রশ্নে ছাপা হয়েছে-- "ভোল্ট বিদ্যুচ্চালক বলের একটি বিদ্যুৎ কোষকে একটি বহিঃরোধের মাধ্যমে সংযুক্ত করা হইয়াছে।" সঠিক প্রশ্নে হবে-- "২ ভোল্ট বিদ্যুচ্চালক" যা ছাপা হয়নি। এখানে "২" সংখ্যাটি ছাপা ছিল না।

জানা গেছে, অধিকাংশ কেন্দ্রে বাংলা মাধ্যমের পরীক্ষার্থীরা প্রশ্নপত্রে এই ছাপার ভুলের জন্য বিপাকে পড়ে।